

সভার প্রারম্ভে সভাপতি মহোদয় উপস্থিত সকলের প্রতি আন্তরিক শুভেচ্ছা জ্ঞাপন পূর্বক তার স্বাগত ভাষনে বলেন যে, পৌরসভা একটি নাগরিক সুবিধা প্রদানকারী প্রতিষ্ঠান। তাই পৌরবাসিগণের উপর অতিরিক্ত কর ধার্য না করে যাতে তারা সহজেই বিভিন্ন কর পরিশোধ করতে পারে তৎপ্রতি সজাগ দৃষ্টি রেখে আগামী ২০১৯-২০২০ অর্থ বছরের জন্য প্রস্তাবিত বাজেটের আয় খাতে এর প্রতিফলন ঘটাতে হবে এবং অত্র পৌরসভার সীমিত আয় দ্বারা যাতে পৌরবাসিগণের সর্বাধিক পৌর নাগরিক সুবিধাদি নিশ্চিত করা যায় এবং পৌরসভার স্থায়ী আয়ের উৎস সৃষ্টি করা যায় তৎপ্রতি লক্ষ্য রেখেই প্রস্তাবিত বাজেটে বিভিন্ন ব্যয় খাত নির্ধারন পূর্বক সম্ভাব্য বরাদ্দ রাখতে হবে মর্মে উল্লেখ্য পূর্বক বাজেট আলোচনায় অংশগ্রহনের জন্য সভায় উপস্থিত সকলের প্রতি অনুরোধ জানানো হয়। অতঃপর সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে অত্র পৌর সচিব জনাব মোঃ শাহজাহান আলম বাজেট উপ-কমিটি কর্তৃক প্রস্তুতকৃত খসড়া বাজেট সভায় পেশ করেন। উপস্থাপনের পর উক্ত খসড়া বাজেটের বিভিন্ন আয় ও ব্যয় খাতের উপর এক সাধারণ আলোচনায় উপস্থিত সকলেই অংশগ্রহন করেন। বিস্তারিত আলোচনা ও পর্যালোচনা শেষে বাজেট উপ-কমিটি কর্তৃক প্রণীত খসড়া বাজেটের কতিপয় আয় ও ব্যয় খাতে প্রয়োজনীয় সংশোধন পূর্বক চলতি ২০১৯-২০২০ অর্থ বছরের সংশোধিত বাজেট এর রাজস্ব খাতে পূর্ববর্তী বছরের (২০১৮-২০১৯) সমাপনী জের সহ সর্বমোট সংশোধিত সম্ভাব্য আয় মং ১,৯৩,৬৫,৩২৭/- (এক কোটি তিরানব্বই লক্ষ পঁয়ষিট্টি হাজার তিনশত সাতাশ) টাকা এবং সংশোধিত সর্বমোট সম্ভাব্য ব্যয় মং ১,৮৩,২৫,০০০/- (এক কোটি তিরিশ লক্ষ পঁচিশ হাজার) টাকা এবং উন্নয়ন খাতে সংশোধিত সর্বমোট সম্ভাব্য আয় মং ৬,৬৫,০০,০০০/- (ছয় কোটি পঁয়ষিট্টি লক্ষ) টাকা এবং সংশোধিত সম্ভাব্য সর্বমোট ব্যয় মং ৬,৬৫,০০,০০০/- (ছয় কোটি পঁয়ষিট্টি লক্ষ) টাকা ধরিয়া রাজস্ব খাতে সমাপনী স্থিতি মং ১০,৪০,৩২৭/- (দশ লক্ষ চল্লিশ হাজার তিনশত সাতাশ) টাকা ধার্যক্রমে চলতি ২০১৯-২০২০ অর্থ বছরের জন্য (রাজস্ব+উন্নয়ন) মং ৮,৫৮,৬৫,৩২৭/- (আট কোটি আটান্ন লক্ষ পঁয়ষিট্টি হাজার তিনশত সাতাশ) টাকার সংশোধিত আয় ব্যয়ের বাজেট সর্ব সম্মতিক্রমে চূড়ান্ত করা হয়।

২০১৯-২০২০ অর্থ বছরের সমাপনী জের সহ আগামী ২০২০-২০২১ অর্থ বছরের রাজস্ব খাতে সম্ভাব্য সর্বমোট আয় মং ২,১৩,৪৫,৩২৭/- (দুই কোটি তেন লক্ষ পঁয়তাল্লিশ হাজার তিনশত সাতাশ) টাকা এবং সম্ভাব্য সর্বমোট ব্যয় মং ১,৯৮,০০,০০০/- (এক কোটি আটানব্বই লক্ষ) টাকা এবং সমাপনী স্থিতি মং ১৫,৪৫,৩২৭/- (পনর লক্ষ পঁয়তাল্লিশ হাজার তিনশত সাতাশ) টাকা এবং উন্নয়ন খাতে সম্ভাব্য আয় মং ১১,১৫,০০,০০০/- (এগার কোটি পনর লক্ষ) টাকা এবং সম্ভাব্য ব্যয় মং ১১,১৫,০০,০০০/- (এগার কোটি পনর লক্ষ) টাকা ধার্যক্রমে আগামী ২০২০-২০২১ অর্থ বছরের জন্য সর্বমোট (রাজস্ব+উন্নয়ন) মং ১৩,২৮,৪৫,৩২৭/- (তের কোটি আটাশ লক্ষ পঁয়তাল্লিশ হাজার তিনশত সাতাশ) টাকার প্রস্তাবিত বাজেট সর্বসম্মতিক্রমে চূড়ান্ত করা হয় এবং উক্ত প্রস্তাবিত বাজেট অনুমোদনের জন্য সচিব, স্থানীয় সরকার বিভাগ বরাবরে প্রেরনের সিদ্ধান্ত সর্ব সম্মতিক্রমে গৃহীত হয়।

অতঃপর উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন পূর্বক সভাপতি মহোদয় সভার সমাপ্তি ঘোষণা করেন।



মোঃ জাহাঙ্গীর আলম আকন্দ(নানু)

মেয়র

সোনাতলা পৌরসভা, বগুড়া।

ফোন- ০৫০৩২-৭৯১০০